অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2021 **গভর্নর ক্যাথি হোকল**

হেইট ক্রাইমের বিরুদ্ধে কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখতে প্রদান করা তহবিলের পরবর্তী রাউন্ডের জন্য আবেদনের সময়কাল উন্মুক্ত হয়েছে বলে গভর্নর ক্যাথি হোকলের ঘোষণা

নিরাপত্তা ও প্রশিক্ষণ প্রকল্পগুলো গড়ে তোলার জন্য ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS)-এর মাধ্যমে 25 মিলিয়ন ডলার লভ্য রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে তাদের মতবাদ, বিশ্বাস, বা মিশনের কারণে হেইট ক্রাইম বা হামলার শিকার হওয়ার ঝুঁকিতে থাকা অলাভজনক সংস্থার ফ্যাসিলিটিগুলোতে সুরক্ষা ও নিরাপত্তামূলক পদক্ষেপসমূহ জোরদার করার জন্য বরাদ্দকৃত 25 মিলিয়ন ডলারের তহবিলের জন্য আবেদনের সময়কাল শুরু হয়েছে। এই তহবিল নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর হেইট ক্রাইমের বিরুদ্ধে কমিউনিটিকে নিরাপদ রাখা (Securing Communities Against Hate Crimes) শীর্ষক কর্মসূচির মাধ্যমে বরাদ্দ করা হচ্ছে এবং এটি বাড়তি নিরাপত্তা চাহিদা পূরণের সুযোগ করে দিবে।

"নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের বৈচিত্র্যের বিষয়টি নিয়ে আমরা অন্য সবকিছুর তুলনায় বেশি গর্বিত," **বলেছেন গভর্নর ক্যাথি হোকল।** "তারা কার উপাসনা করছেন, কাকে ভালোবাসছেন, অথবা কোথা থেকে এসেছেন এসবের কারণে নিগ্রহের শিকার হওয়া মানুষদের জন্য আমাদের স্টেট দীর্ঘ সময় ধরে একটি আশ্রয়স্থল হয়ে আছে। সমতা ও অন্তর্ভুক্তির এই অঙ্গীকার সত্ত্বেও সবসময়ই কিছু মানুষ থাকে যারা আমাদের বিভক্ত করতে চাইবে। আমরা কখনোই এই মন্দ লোকদের আমাদেরকে বিভক্ত করার সুযোগ দিবো না এবং তারা যাতে এই সুযোগ না পায় তা নিশ্চিত করার জন্য এই তহবিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

স্টেট আইনের সংজ্ঞা অনুযায়ী, হেইট ক্রাইম হলো জাতি, জাতিস্বত্বা, লিঙ্গ, যৌন অভিমুখীতা, ধর্ম বা অন্যান্য বৈশিষ্ট্য সম্পর্কে কোনো দৃষ্টিভঙ্গি বা বিশ্বাসের কারণে কোনো ব্যক্তি, একদল ব্যক্তি, বা সম্পত্তির বিরুদ্ধে সংঘটিত অপরাধসমূহ। এসব অপরাধ শুধু কাঙ্ক্ষিত টার্গেটকেই নয়, বরং সমগ্র কমিউনিটিকে ক্ষতিগ্রস্ত করে। নিউ ইয়র্ক স্টেট এসব ঘটনাকে অন্যান্য অপরাধ থেকে পৃথকভাবে ট্র্যাক করে যাতে প্রবণতাগুলো তদারকি করা যায় এবং সেগুলো প্রতিরোধের জন্য স্বতস্ফূর্তভাবে পদক্ষেপ গ্রহণ করা যায়।

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিয়েস্টি বলেন, "নিউ ইয়র্কে ঘৃণার কোনো স্থান নেই, এবং অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশ আমাদের স্টেট যাতে সবার জন্য অন্তর্ভুক্তিমূলক ও উষ্ণ পরিবেশ প্রদান করে তা নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ। এই তহবিল সংস্থাগুলোকে আমাদের কমিউনিটিতে ঘৃণা ও ভয় নিয়ে আসতে চায় এমন মানুষদের বিরুদ্ধে তাদের নিরাপত্তা উন্নত করার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ প্রদান করবে। আমরা ঘৃণার বিরুদ্ধে নিন্দা জানাতে ও এর বিরুদ্ধে অবস্থান নিতে এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে জাতি, ধর্ম, যৌন অভিমুখীতা বা জাতিস্বত্বা নির্বিশেষে তাদের কমিউনিটিতে নিরাপদ বোধ করেন তা নিশ্চিত করতে অব্যাহতভাবে কাজ করে যাবো।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর ফার্স্ট ডেপুটি কমিশনার মার্ক ই. হোয়াইট বলেন, "জননিরাপত্তা ও সমতা হাতে হাত ধরে চলে। আমরা অসহিষ্ণুতা, বৈষম্য ও ঘৃণার পরিণতি, এবং ব্যক্তি, তাদের প্রিয়জন, কমিউনিটি ও এমনকি প্রত্যক্ষদর্শীদের উপর সেগুলোর আর্থিক ও মানসিক আঘাতরূপী প্রভাব বার বার দেখতে পেয়েছি। হেইট ক্রাইম সংঘটিত হওয়ার আগেই সেগুলো থেকে বিরত রাখার জন্য তহবিল প্রদানের মাধ্যমে এসব হিংস্র আক্রমণ প্রতিরোধ করার জন্য গভর্নর হোকলের দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাই।"

ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্কের (National Action Network) প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা রেভারেন্ড আল শার্পটন বলেন, "আমাদের দেশে ঘৃণা ও বর্ণবাদের ইতিহাস প্রায় ক্ষেত্রেই সহিংসতায় পরিপূর্ণ। এই সহিংসতাকে উপেক্ষা করার অথবা গালিচা দিয়ে ঢেকে দেয়ার কোনো সুযোগ নেই এবং আমাদের কমিউনিটি সংস্থাগুলোর সুরক্ষা ও নিরাপত্তার জন্য এই তহবিল প্রদানের মাধ্যমে আফ্রিকান আমেরিকান কমিউনিটির এই অনন্য চাহিদার স্বীকৃতি দেয়ায় আমি হোকল প্রশাসনের প্রশংসা করি।"

ন্যাশনাল আরবান লীগের (National Urban League) প্রেসিডেন্ট মার্ক মোরিয়াল বলেন, "এটি কোনো গোপন বিষয় নয় যে আফ্রিকান আমেরিকানরা নিয়মিতভাবে জাতিগতভাবে-অনুপ্রাণিত সহিংসতা ও বৈষম্যের লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছে। এটি আমাদের অনেক বেশি সংখ্যক কমিউনিটিতে বহু বার দেখতে পাওয়া একটি অভিজ্ঞতা। অলাভজনক সংস্থা এবং আমাদের কমিউনিটিগুলোকে সেবা দেয়ার জন্য প্রতিষ্ঠিত সংস্থাগুলোও এর ব্যতিক্রম নয়, এবং সেগুলোর সুরক্ষার জন্য গভর্নর হোকলের দেখানো অঙ্গীকারবদ্ধতাকে আমি সাধুবাদ জানাই।"

UJA ফেডারেশন অব নিউ ইয়র্ক (UJA-Federation of New York) এর CEO এরিক এস. গোল্ডস্টেইন বলেন, "হেইট ক্রাইমের বিরুদ্ধে কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার জন্য তহবিল প্রদান করা এবং নিউ ইয়র্কের অলাভজনক সংস্থাগুলোকে শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারবদ্ধতা ও আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার ক্ষেত্রে সাহায্যের জন্য আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

JCRC-NY এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও CEO, গিডিওন টাইলর বলেন, "2021 সালে এখন পর্যন্ত NYPD 450টি হেইট ক্রাইম সম্পর্কে রিপোর্ট করেছে, যার মধ্যে 158টি ইহুদি-বিরোধী ছিল। দুর্ভাগ্যবশত, এবছরটিও এশিয়ান-বিরোধী, ক্যাথলিক-বিরোধী, LGBT-বিরোধী ও

ট্রান্সজেন্ডার-বিরোধী অপরাধের জন্য রেকর্ড তৈরি করছে। ঘৃণা থেকে অনুপ্রাণিত হওয়া একটি অপরাধও অনেক বেশি হয়ে যায়। বছরের পর বছর ধরে, গভর্নর ক্যাথি হোকল আমাদের স্টেটে ঘৃণার বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিয়ে এসেছেন। SCAHC তহবিলের এই নতুন রাউন্ডের মাধ্যমে তিনি কমিউনিটিভিত্তিক প্রতিষ্ঠানগুলোতে প্রবেশকারী ব্যক্তিরা নিরাপদ ও সুরক্ষিত থাকার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবেন। আমরা গভীরভাবে কৃতজ্ঞ।"

LGBT নেটওয়ার্কের (LGBT Network) প্রেসিডেন্ট ও CEO ডেভিড কিলমনিক, PhD. বলেন, "LGBTQ কমিউনিটি দীর্ঘ দিন ধরে ঘৃণা থেকে অনুপ্রাণিত হওয়া সহিংসতার লক্ষ্যবস্তু হয়ে রয়েছে। সবচেয়ে মর্মান্তিক ব্যাপার হলো, পাঁচ বছর আগে আমরা এই ঘৃণার প্রয়োগ দেখতে পেয়েছি যখন অরল্যান্ডোতে পালস নাইটক্লাবে 50 জন LGBTQ ব্যক্তিকে গুলি করে হত্যা করা হয়। কিন্তু বাড়ির কাছাকাছি, সাম্প্রতিক বছরগুলোতে আমরা LGBTQ নিউ ইয়র্কবাসীদের বিরুদ্ধে হেইট ক্রাইম বৃদ্ধি পেতে দেখেছি। "ঘৃণা থেকে অনুপ্রাণিত সহিংসতার বিরুদ্ধে নিজেদের সুরক্ষিত রাখতে কমিউনিটিগুলোকে সাহায্য করার জন্য এসব তহবিল প্রদান করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

অ্যাগুডাথ ইসরায়েল অব আমেরিকার (Agudath Israel of America) ডিরেক্টর অব নিউ ইয়র্ক গভার্নমেন্টাল রিলেশন্স, র‍্যাবি ইয়েরুচিম সিলবার বলেন, "অ্যান্টি-সেমিটিজম ও ঘৃণা দুর্ভাগ্যবশত এখনো বিদ্যমান থাকায়, আমাদের প্রতিষ্ঠানগুলোর জন্য তাদের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপসমূহ গ্রহণের সক্ষমতা থাকাটা এখন আগের যেকোনো সময়ের বেশি গুরুত্বপূর্ণ। এসব গুরুত্বপূর্ণ নিরাপত্তা তহবিলের জন্য দ্বিতীয় রাউন্ডে আবেদন শুরু করার এবং সব যোগ্য সংস্থাকে আবেদন করতে উৎসাহিত করার মাধ্যমে এই হুমকির বিষয়টি স্বীকৃতি দেয়ায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

এশিয়ান আমেরিকান ফাউন্ডেশনের (Asian American Federation) এক্সিকিউটিভ ডিরেক্টর জো-অ্যান ইউ বলেন, "এশীয় আমেরিকান কমিউনিটি আশ্চর্যজনকভাবে বৃদ্ধি পাওয়া ঘৃণা থেকে অনুপ্রাণিত সহিংসতার লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। নিউ ইয়র্কবাসী হিসেবে, আমাদের সুরক্ষা ও নিরাপত্তার মূল্য রয়েছে, এবং বিশেষভাবে আমাদের কমিউনিটিকে সেবা দেয়ার জন্য কাজ করে থাকে এমন সংস্থাগুলোর জন্য এই তহবিলের ব্যবস্থা করার মাধ্যমে, গভর্নর হোকল এই বিষয়টিকে কতটা গুরুত্বের সাথে দেখেন তা দেখিয়ে দিয়েছেন।"

কমিউনিটি সিকিউরিটি সার্ভিস (Community Security Service)-এর ন্যাশনার ডিরেক্টর, ইভান আর. বার্নস্টেইন বলেন, "ঘৃণার বিরুদ্ধে কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য অতি প্রয়োজনীয় তহবিলের নতুন রাউন্ড চালু হতে যাচ্ছে দেখে আমি অত্যন্ত আনন্দিত। আমরা হেইট ক্রাইম বৃদ্ধি পেতে দেখছি এমন এক সময়ে এই উদ্যোগ অব্যাহত রাখার জন্য গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ। এই অতি গুরুত্বপূর্ণ তহবিল স্টেটজুড়ে অসংখ্য অলাভজনক সংস্থাকে অবকাঠামো ও নিরাপত্তা উন্নত করার এবং ঘৃণার সম্পৃক্ততা রয়েছে বলে বিবেচ্য হামলা ও আক্রমণ মোকাবেলা করার জন্য সক্ষম হয়ে উঠার সুযোগ দিবে।"

অর্থোডক্স ইউনিয়নের (Orthodox Union) ম্যানেজিং ডিরেক্টর, মরি লিটওয়াক বলেন, "এই তহবিল কর্মসূচি চালু হওয়াটা স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য একটি

অতি গুরুত্বপূর্ণ সম্পদ। নিউ ইয়র্কে অ্যান্টি-সেমেটিক ঘটনা ও অন্যান্য হেইট ক্রাইম আশংকাজনক হারে বৃদ্ধি পাওয়াকে তার প্রশাসন কতটা গুরুত্বের সাথে দেখছে গভর্নর হোকলের ঘোষণা সে বিষয়টিই দেখিয়ে দিয়েছে-আমরা এই নিরাপত্তা তহবিল চালু করাকে ও বাড়তি তহবিলকে স্বাগত জানাই যা নিউ ইয়র্কের পরিবার, কমিউনিটি ও প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে।"

চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিলের (Chinese American Planning Council) প্রেসিডেন্ট ও CEO, ওয়েইন হো বলেন, "এশিয়ান-বিরোধী হেইট ক্রাইম এখনো বৃদ্ধি পেতে থাকায়, সংস্কৃতিগত ও ভাষাগত দিক থেকে যথাযথ পরিষেবা প্রদান করে এমন কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোকে সহায়তা করা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। আমাদের স্টেটে এশীয়-আমেরিকান কমিউনিটি সংস্থাগুলোকে সুরক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করায় এবং এসব সমস্যাকে তার প্রশাসনের জন্য অগ্রাধিকার বানিয়ে নেয়ায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

তহবিলের সর্বশেষ রাউন্ডের মাধ্যমে, 2022 সালের জুন মাসে শুরু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে এমন দুই-বছরের চুক্তিতে সহায়তা করার জন্য 50,000 ডলার পর্যন্ত তহবিল প্রদান করা হবে। তহবিলের আওতায় বাহ্যিক বা অভ্যন্তরীণ নিরাপত্তা উন্নয়ন, যেমন লাইটিং লক, অ্যালার্ম, প্যানিক বাটন, বেড়া, ব্যারিয়ার, অ্যাক্সেস নিয়ন্ত্রণ, চূর্ণ হওয়া রোধী কাচ, বিস্ফোরণরোধী ফিল্ম ও জনসাধারণকে অবহিত করার ব্যবস্থা, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে। এছাড়া তহবিলের আওতার মধ্যে নিরাপত্তা প্রশিক্ষণের সাথে সম্পর্কিত খরচও অন্তর্ভুক্ত থাকতে পারে।

যোগ্য সংস্থাগুলো সর্বোচ্চ 150,000 ডলারের জন্য সর্বোচ্চ তিনটি আবেদন জমা দিতে পারবে। প্রত্যেক ফ্যাসিলিটির জন্য একটি পৃথক আবেদন প্রয়োজন হবে। ইতোপূর্বে হেইট ক্রাইমের বিরুদ্ধে কমিউনিটিকে নিরাপদ রাখার জন্য তহবিল পেয়েছে এমন ফ্যাসিলিটিগুলো যোগ্য বিবেচিত হবে না, তবে, সংস্থাগুলো একাধিক ফ্যাসিলিটির জন্য আবেদন করতে পারবে।

আবেদন অবশ্যই শুক্রবার, 7 জানুয়ারি, 2022 তারিখের মধ্যে DCJS-এর কাছে জমা দিতে হবে। উপযুক্ততার শর্তসমূহ, নির্দেশনা, নির্দেশিকা ও বাড়তি তথ্যের জন্য DCJS ওয়েবসাইটের তহবিল/অনুদান পেইজে ভিজিট করুন।

###